গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৮৪-আইন/২০২৬/৩৯/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, উক্ত আইনের প্রথম তফসিলভুক্ত পণ্যসমূহের মধ্যে নিম্নের TABLE এর কলাম (1) এ উল্লিখিত Heading এর বিপরীতে কলাম (2) এ বর্ণিত H.S Code এর বিপরীতে কলাম (3) এ উল্লিখিত কেমিক্যালসকে উহাদের উপর আরোপণীয় কাস্টমস ডিউটি, যে পরিমাণে মূল্যভিত্তিক ৩% (তিন শতাংশ) এর অতিরিক্ত হয় সেই পরিমাণ, এবং সমুদয় মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক, যদি থাকে হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

TABLE

Heading	H.S. Code	Description
(1)	(2)	(3)
28.25	2825.90.00	Lime powder
28.33	2833.29.90	Ferrous Sulphate
28.35	2835.29.00	Tab-Di Ammonium Phosphate.
39.06	3906.10.00 3906.90.00	Acrylic polymers

শর্তাবলি

(১) পণ্যচালান খালাসকালে আমদানিকারককে পরিবেশ অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত পরিবেশ ছাড়পত্র দাখিল করিতে হইবে।

(২) Effluent Treatment Plant (ETP) প্রতিষ্ঠানটিতে সচল অবস্থায় আছে মর্মে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় দপ্তরের বিভাগীয় কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র পণ্য খালাসকালে সংশ্লিষ্ট কাস্টমস কর্মকর্তার নিকট দাখিল করিতে হইবে।

(৩) আমদানিকৃত কেমিক্যাল কেবল ETP পরিচালনার জন্য ব্যবহার করা হইবে মর্মে আমদানিকারক ৩০০ (তিনশত পঞ্চাশ) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পরিশিষ্ট-১ মোতাবেক একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস এর নিকট দাখিল করিবেন।

Downloaded from www.taxvatpoint.com

(৪) পণ্যচালান খালাসের ৬ (ছয়) মাসের মধ্যে আমদানিকৃত পণ্যসমূহ কেবল ETP পরিচালনার জন্য ব্যবহার করা হইয়াছে কিনা উহা সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তা সরেজমিনে তদন্তপূর্বক তাহার স্বাক্ষরে পরিশিষ্ট-২ অনুযায়ী একটি প্রত্যয়নপত্র সরেজমিনে তদন্তের পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস বরাবর প্রেরণ করিবেন।

(৫) এই প্রজ্ঞাপনের আওতায় আমদানিকৃত কেমিক্যাল এর ব্যবহার এবং মজুদ সম্পর্কে আমদানিকারক প্রতি ৩ (তিন) মাস অন্তর সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তার নিকট একটি প্রতিবেদন দাখিল করিবেন।

(৬) মূল্য সংযোজন কর বিভাগীয় কর্মকর্তা অথবা তদকর্তৃক লিখিতভাবে ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তা শর্ত (৫) এ উল্লিখিত প্রতিবেদনের সাথে সরেজমিনে আমদানিকৃত কেমিক্যালস এর মজুদ মিলাইয়া দেখিবেন।

২। ২৬ জ্যৈষ্ঠ, ১৪১৮ বঙ্গাব্দ মোতাবেক ৯ জুন, ২০১১ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৬৯-আইন/২০১১/২৩৫৬/কাস্টমস এতদ্দ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০২৭ খ্রিষ্টাব্দ তারিখ পর্যন্ত বলবৎ থাকিবে।

Downloaded from www.taxvatpoint.com

পরিশিষ্ট-১

অঙ্গীকারনামা

[শর্ত (৩) দ্রষ্টব্য]

আমি ---------- (নাম) মালিক/ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স ---------- ----------(প্রতিষ্ঠানের নাম ও সম্পূর্ণ ঠিকানা) এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, ঋণপত্র নং---------- ---------- তারিখ:---------- ইনভয়েস নং---------- তারিখ: ---------- বি এল/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিট নং ---------- ---------- তারিখ: ---------- এর মাধ্যমে আমদানিকৃত কেমিক্যাল ETP পরিচালনার জন্য ব্যবহার করিব এবং উহার কোনো ব্যত্যয় হইলে আমদানিকৃত উক্ত পণ্যের উপর প্রযোজ্য হারে শুল্ক ও কর পরিশোধ ছাড়াও কাস্টমস আইন, ২০২৩ এর অধীনে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত যে কোনো শাস্তি মানিয়া নিতে বাধ্য থাকিব।

স্বাক্ষর: .....

তারিখ: মালিক/ব্যবস্থাপনা পরিচালকের নাম: .....

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা: .....

Downloaded from www.taxvatpoint.com

পরিশিষ্ট-২

প্রত্যয়নপত্র

[শর্ত (৪) দ্রষ্টব্য]

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স ---------- ---------- (সম্পূর্ণ নাম ও ঠিকানা) বিনিয়োগ বোর্ড কর্তৃক নিবন্ধিত (নিবন্ধন নং .....) ETP পরিচালনাকারী একটি প্রতিষ্ঠান। এই শিল্প প্রতিষ্ঠান কর্তৃক ঋণপত্র নং ---------- তারিখ: ---------- ইনভয়েস নং ---------- তারিখ: ---------- বিল অব এন্ট্রি নং ---------- তারিখ: ---------- -এর মাধ্যমে আমদানিকৃত কেমিক্যাল বা উহার অংশবিশেষ (অংশবিশেষ ব্যবহৃত হইলে উক্ত ব্যবহৃত অংশের পরিমাণ উল্লেখ করিতে হইবে) উল্লিখিত ETP পরিচালনার জন্য ব্যবহার করা হইয়াছে/হয় নাই।

স্বাক্ষর: .....

নাম: .....

তারিখ: পদবী: বিভাগীয় কর্মকর্তা

কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট

বিভাগীয় দপ্তর, ...

সীল:

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ

সচিব।

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com